# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ প্রার্থনামূলক কুরআনী দুআ

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

৩। পিতামাতার জন্য দুআ করতেঃ

(رَّبِّ ارْحَمْهُمَا كَمَا رَبَّيَانِي صَغِيرًا) “রাব্বিরহামহুমা কামা রাব্বায়া-নী স্বাগীরা।”

অর্থঃ হে আমার প্রতিপালক! তাদের উভয়ের প্রতি তুমি দয়া কর; যেভাবে শৈশবে তারা আমাকে প্রতিপালন করেছে। (বানী ইস্রাঈলঃ ২৪)।

رَبَّنَا اغْفِرْ لِي وَلِوَالِدَيَّ وَلِلْمُؤْمِنِينَ يَوْمَ يَقُومُ الْحِسَابُ

“রাব্বানাগফিরলী অলিওয়ালিদাইয়্যা অলিলমু’মিনীনা য়্যাউমা য়্যাকুমুল হিসাব।”

অর্থঃ হে আমাদের প্রতিপালক! যেদিন হিসাব হবে সেদিন আমাকে, আমার পিতামাতাকে এবং মুমিনদেরকে ক্ষমা করো। (ইব্রাহীমঃ ৪১)

رَّبِّ اغْفِرْ لِي وَلِوَالِدَيَّ وَلِمَن دَخَلَ بَيْتِيَ مُؤْمِنًا وَلِلْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ وَلَا تَزِدِ الظَّالِمِينَ إِلَّا تَبَارًا

“রাব্বিগফিরলী অলিওয়ালিদাইয়্যা অলিমান দাখালা বাইতিয়া মু’মিনাউ অলিলমু'মিনীনা অলমু’মিনা-ত, অলাতাযিদি যা্‌লিমীনাইল্লা তাবা-রা।”।

অর্থঃ হে আমার প্রতিপালক! তুমি ক্ষমা কর আমাকে, আমার পিতা-মাতাকে এবং যারা মু'মিন হয়ে আমার গৃহে প্রবেশ করেছে তাদেরকে এবং মুমিন পুরুষ ও মুমিন নারীদেরকে। আর অনাচারীদের শুধু ধ্বংসই বৃদ্ধি কর। (নূহঃ ২৮)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11814

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন